


# CAMBRIDGE শহর

# শূন্য নির্গমন পরিবহন পরিকল্পনা

**2025 | অনুবাদিত সারসংক্ষেপ**

# এক্সিকিউটিভ সামারি

## কেন শূন্য নির্গমন পরিবহন পরিকল্পনা এবং কেন এখন?[1]

জলবায়ু সংকট ইতোমধ্যে প্রচণ্ড তাপপ্রবাহ, নিম্নমানের বায়ু এবং ঘন ঘন আবহাওয়াজনিত জরুরি অবস্থার মাধ্যমে Cambridge-কে প্রভাবিত করছে। শহরটি 2050 সালের মধ্যে নেট জিরো গ্রিনহাউস গ্যাস (GHG) নির্গমনের প্রতিশ্রুতি দিয়েছে। নেট জিরো2 বলতে উৎপাদিত গ্রিনহাউস গ্যাসের পরিমাণ ও বায়ুমণ্ডল থেকে অপসারিত পরিমাণের মধ্যবর্তী ভারসাম্যকে বোঝায়। পরিবহন গ্রিনহাউস গ্যাস নির্গমনের একটি প্রধান উৎস, যেখানে শহরের 94% নির্গমন ব্যক্তিগত সড়ক যানবাহন থেকে আসে।3 শূন্য নির্গমন পরিবহন পরিকল্পনা (ZETP) এই নির্গমন দূর করার পাশাপাশি আরও সহজগম্য ও ন্যায়সঙ্গত পরিবহন ব্যবস্থা তৈরি করার লক্ষ্য রাখে। এই লক্ষ্য অর্জনের জন্য জরুরি পদক্ষেপ ও অতীতের পরিকল্পনাগত বৈষম্যগুলো অনুধাবন করা প্রয়োজন যা বাসিন্দাদের পরিবর্তনকে উপলব্ধি ও তার সাথে খাপ খাইয়ে নেওয়ার প্রক্রিয়াকে প্রভাবিত করে।

**চারটি মূল লক্ষ্য শূন্য নির্গমন পরিবহন পরিকল্পনাকে পরিচালিত করেছে:**

1. পরিবহনের থেকে হওয়া জলবায়ুর দূষণ মুক্ত করা
2. Cambridge-এর চারপাশে চলাফেরাকে আরও সহজগম্য, নিরাপদ ও আনন্দদায়ক করা
3. অর্থনৈতিক সুযোগসুবিধা উন্নত করা এবং ঐতিহাসিক অবিচারের সমাধান করা
4. একটি শক্তিশালী এবং আরও সংযুক্ত কমিউনিটি গড়ে তোলা

## আমরা কীভাবে পরিকল্পনাটি তৈরি করেছি

শূন্য নির্গমন পরিবহন পরিকল্পনা একটি অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়ার মাধ্যমে তৈরি করা হয়েছিল, যাতে বহু মানুষের মতামতকে অন্তর্ভুক্ত করা যায়, বিশেষ করে তাদের, যাদের কথা শোনা হয় না, যারা সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত এবং ঐতিহাসিকভাবে বিচ্ছিন্ন। লক্ষ্য ছিল আস্থা তৈরি করা, সম্পর্ক জোরদার করা এবং চলমান সম্পৃক্ততার প্রচেষ্টাকে সমর্থন করা।

সম্ভাব্য পদক্ষেপগুলো প্রণয়ন ও পরিমার্জন করার জন্য আমরা একটি উপদেষ্টা গ্রুপ, নগর কমিটিসমূহ ও বৃহত্তর কমিউনিটির সাথে কাজ করেছি। এতে 50টিরও বেশি পাবলিক ইভেন্ট, ফোকাস গ্রুপ ও মিটিং থেকে প্রাপ্ত মতামত অন্তর্ভুক্ত ছিল, যা সম্ভাব্য পদক্ষেপগুলোকে কীভাবে পরিমার্জন করা হবে এবং কোন ধারণাগুলো গ্রহণ করা হবে বা বিবেচনার বাইরে রাখা হবে, তা নির্ধারণে সাহায্য করেছে।

শহরের কর্মীরা Cambridge-এ পরিবহন নির্গমন অনুমান করতে এবং সম্ভাব্য পদক্ষেপের প্রভাব মডেল করতে পরামর্শদাতাদের সাথেও কাজ করেছিলেন। 2050 সালের মধ্যে কী পরিমাণ নির্গমন কমাতে হবে তা নির্ধারণ করতে এবং প্রস্তাবিত পদক্ষেপগুলো সেই হ্রাসে কীভাবে অবদান রাখবে তা মূল্যায়ন করতে এই ভিত্তিরেখাটি ব্যবহার করা হয়েছিল।

## কমিউনিটির সদস্যদের কাছ থেকে আমরা কী শিখেছি

- মানুষ তাদের ভ্রমণের পদ্ধতি পরিবর্তন করতে আগ্রহী, কিন্তু এর জন্য সহায়তা প্রয়োজন।
- মানুষ চায় তাদের কথাকে গুরুত্ব দেওয়া হোক এবং পদক্ষেপ নেওয়া হোক।
- গাড়ির মালিকানা বা পার্কিংয়ের জন্য বেশি খরচ অন্যায্য এবং স্বাভাবিকভাবেই বৈষম্যমূলক মনে হতে পারে।

- পরিবর্তনগুলো সম্পর্কে আরও ভালোভাবে জানানো প্রয়োজন।
- প্রবীণ ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নির্ভরযোগ্য, সুবিধাজনক ও মর্যাদাপূর্ণ পরিবহন বিকল্প প্রয়োজন।
- বৈদ্যুতিক যানবাহন (EV) সমাধানের একটি অংশমাত্র।
- বিভিন্ন প্রয়োজনের জন্য বিভিন্ন সমাধান কার্যকর, তাই বিভিন্ন বিকল্প থাকা গুরুত্বপূর্ণ।

## পরিকল্পনায় কী কী আছে?

পরিকল্পনাটিতে ছয়টি বিভাগে কর্মপন্থা বর্ণনা ও সুপারিশ করা হয়েছে:

1. কমিউনিটির সাথে সম্পৃক্ততা: মানুষের পরিবহন অভিজ্ঞতা উন্নত করার লক্ষ্যে তাদের সাথে ন্যায়সঙ্গতভাবে সম্পৃক্ত হওয়া
2. বাস ও শাটল: বাস ও শাটল সেবা উন্নত করা
3. সাইকেল, হাঁটা ও মাইক্রোমোবিলিটি: মানুষের জন্য হাঁটা, সাইকেল চালানো এবং স্কুটার ব্যবহারকে সহজলভ্য, নিরাপদ ও আনন্দদায়ক করে তোলা
4. গাড়িতে যাতায়াত কমানো: গাড়ি চালানোর প্রয়োজনীয়তা কমাতে মানুষকে ভ্রমণের আরও বিকল্প দেওয়া
5. গাড়ির মালিকানা কমানো: গাড়ি না থাকাকে আরও সহজ করে তোলা
6. বৈদ্যুতিক যানবাহন: বৈদ্যুতিক যানবাহনের দিকে পরিবর্তনকে উৎসাহিত করা

শহর কর্তৃপক্ষ প্রভাব, সম্ভাব্যতা, ব্যয় ও জনগণের মতামতের ভিত্তিতে স্বল্পমেয়াদী পদক্ষেপগুলোকে অগ্রাধিকার দিয়েছে।

এর মধ্যে রয়েছে:

- বাসিন্দাদের পরিবহন বিকল্প ও ছাড় পেতে সহায়তা করা
- গুরুত্বপূর্ণ রুটগুলোতে বাসের গতি ও নির্ভরযোগ্যতা উন্নত করা
- সাইকেল চালানো ও Bluebikes-এ অ্যাক্সেস বাড়ানো
- পাবলিক EV ও মাইক্রোমোবিলিটি চার্জিং বৃদ্ধি করা

## পরবর্তীতে কী আসছে?

Cambridge-এর পরবর্তী পদক্ষেপ হলো একটি Cambridge অ্যাক্সেস ও মোবিলিটি পরিকল্পনা তৈরি করা, যা 2026 সালে চালু হওয়া একটি শহরব্যাপী পরিবহন পরিকল্পনা প্রক্রিয়া। এটি ZETP-এর ভিত্তির ওপর গড়ে উঠবে এবং ভূমি ব্যবহার, নিরাপত্তা, প্রবেশগম্যতা ও স্থায়িত্বকে আরও সমন্বিত করে এমন একটি পরিবহন ব্যবস্থা তৈরি করবে যা Cambridge-এর বাসিন্দাদের বর্তমান ও ভবিষ্যতের চাহিদা পূরণ করবে।

# পাদ টীকা

1  Cambridge-এর "Zero Emissions Transportation Plan (শূন্য নির্গমন পরিবহন পরিকল্পনা)"টি উন্নয়নের সময় মূলত "Net Zero Transportation Plan (নেট জিরো পরিবহন পরিকল্পনা)" নামে পরিচিত ছিল। কমিউনিটির সদস্যরা "Net Zero (নেট জিরো)"-এর চেয়ে আরও স্পষ্ট শব্দ চাওয়ার পরে কর্মীরা নামটি পরিবর্তন করেছিলেন।

2  "নেট জিরো" অর্থ কী সে সম্পর্কে আরও তথ্যের জন্য, ভিজিট করুন https://www.nationalgrid.com/stories/energy-explained/what-is-net-zero।

3  2019 Cambridge Community GHG Inventory (Cambridge কমিউনিটি GHG ইনভেন্টরির) পৃষ্ঠা 27 দেখুন: https://www.cambridgema.gov/-/media/Files/CDD/Climate/ghginventory/2019cambridgecommunitywideghginventory_summaryreport.pdf


TOW ZONE
NO STOPPING ANYTIME
YIEL
TO
PEDS
BLUEbikes